



“উন্নয়নের অক্সিজেন রাজ্য”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

“জনকল্যাণে রাজ্য”

কাস্টম হাউস, চট্টগ্রাম।

রেজিস্টার্ড/জিপি/নামীয় খামে

www.chc.gov.bd E-mail: customhousectg@gmail.com

নথি নং-এস-৪/১১২/প্রশাসন/Asycuda World System/১২-১৩(অংশ-৩)/৪৫৪৫০(কস) তারিখ: ৩০/১২/২০২০ খ্রিঃ


30 DEC 2020

অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রপ্তানি কার্যক্রমের গতিশীলতা আনয়নের লক্ষ্যে অফিস আদেশ নং-এস-৪/১১২/প্রশাসন/Asycuda World System/১২-১৩(অংশ-২)/৩৪৬৫(১-১৮) তারিখ: ২৪/০২/২০১৬ খ্রিঃ এর মাধ্যমে এ দপ্তরের আওতাধীন ১৯ (উনিশ) টি অফডক যথাঃ- (১) গোল্ডেন কন্টেইনার লি: (২) পোর্ট লিংক (৩) এছাক ব্রাদার্স লি: (৩) সিসিটিসিএল (৪) কিউএনএস কন্টেইনার ডিপো (৫) কেএন্ডটি লজিস্টিকস লি: (৬) শফি মোটরস লি: (৭) এসএপিএল (৮) ইস্টার্ন লজিস্টিকস লি: (৯) ইনকনট্রেড লি: (১০) ওশান কন্টেইনার লি: (১১) ন্যামসন ডিপো (১২) ভারটেক্স (১৩) বিএম কন্টেইনার লি: (১৪) কেডিএস লজিস্টিকস (১৫) ইম্পাহানি সামিট এ্যানায়েন্স টার্মিনালস লি: (১৬) ইকবাল ডিপো লি: (১৭) সাবের আহমেদ টিম্বার (১৮) সী-ফেয়ারার্স (১৯) ইকবাল ডিপো এর মাধ্যমে রপ্তানিযোগ্য পণ্যের শুদ্ধায়ন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে ইতোমধ্যেই সংশ্লিষ্ট অফডকসমূহে ASYCUDA World System এর সংযোগ প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ফলে রপ্তানি সংক্রান্ত সকল দলিলাদি যেমন বিল অব এক্সপোর্ট, ইনভয়েস, প্যাকিং লিস্ট, ইএক্সপি (অনলাইন কপি) এলসি/এক্সপোর্ট অর্ডার, প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য দলিলাদি অফডক কর্তৃক শুদ্ধায়ন ও পরীক্ষণ কার্যক্রম সম্পন্ন করার পর সংশ্লিষ্ট দলিলাদি এ দপ্তরের অফিস আদেশ নং-এস-৪/১১২/প্রশাসন/Asycuda World System/১২-১৩(অংশ-২)/৩৪৬৫(১-১৮) তারিখ: ২৪/০২/২০১৬ খ্রিঃ এর মাধ্যমে দাখিল/জমা দেওয়ার জন্য বলা হলেও ইদানিং বেশ কিছু রপ্তানিকারক প্রতিষ্ঠান/তাদের মনোনীত সিএন্ডএফ এজেন্ট উল্লেখিত দলিলাদি জমা প্রদান করছে না। ফলে বিভিন্ন দপ্তর/সংস্থা যেমন: দুদক,সিআইডি, পিবিআই, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, বাংলাদেশ ব্যাংক, বাণিজ্যিক ব্যাংক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর ইত্যাদি কর্তৃক যাচিত তথ্যাদি প্রেরণ করা/সরবরাহ করার ক্ষেত্রে জটিলতা দেখা দিচ্ছে। তাছাড়া Customs Act-1969 এর Section-211 অনুসারে এ সকল দলিলাদি ০৫ বছরের জন্য সংরক্ষণ করার বিধান রয়েছে।

০২। এমতাবস্থায়, অফডক কর্তৃক শুদ্ধায়িত সকল দলিলাদি শুদ্ধায়ন সমাপ্তির পর পোশাক শিল্প সংশ্লিষ্ট রপ্তানিকারক প্রতিষ্ঠান/তাদের মনোনীত সিএন্ডএফ এজেন্ট এ দপ্তরের রপ্তানি সেকশন-২ এবং পোশাক শিল্প ব্যতিত অন্যান্য রপ্তানিকারক প্রতিষ্ঠান/তাদের মনোনীত সিএন্ডএফ এজেন্ট এ দপ্তরের রপ্তানি সেকশন-১ এ দাখিল/জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোহাম্মদ ফারুক আলিম)
কমিশনার অব কাস্টমস

০/১


নথি নং-এস-৪/১১২/প্রশাসন/Asycuda World System/১২-১৩(অংশ-৩)/৪৫৪৫০(২) তারিখ: ৩০/১২/২০২০ খ্রিঃ

30 DEC 2020

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০১। এডিশনাল কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ০২। জয়েন্ট কমিশনার-১/২/৩/৪, কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ০৩। সিস্টেম এনালিস্ট, কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ০৪। ডেপুটি কমিশনার/অ্যাসিস্ট্যান্ট কমিশনার (সকল অফডক) কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ০৫। ডেপুটি কমিশনার/অ্যাসিস্ট্যান্ট কমিশনার (সকল শুদ্ধায়ন সেকশন) কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ০৬। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন(বিকডা)চট্টগ্রাম।
- ০৭। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, চট্টগ্রাম।
- ০৮। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এজেন্টস এসোসিয়েশন, চট্টগ্রাম।
- ০৯। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন, রশিদ বিল্ডিং, চট্টগ্রাম।
- ১০। প্রেসিডেন্ট, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, চট্টগ্রাম।
- ১১। প্রেসিডেন্ট, চট্টগ্রাম মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, আখাবাদ, চট্টগ্রাম।
- ১২। প্রেসিডেন্ট, বিজিএমইএ, বিজিএইএ ভবন, নাসিরাবাদ, চট্টগ্রাম।
- ১৩। প্রেসিডেন্ট, বিকেএমইএ, চেম্বার হাউস, আখাবাদ, চট্টগ্রাম।
- ১৪। সভাপতি/সাধারণ সম্পাদক, চিটাগাং সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন, চট্টগ্রাম [বিষয়টি সকল সদস্য গণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো]
- ১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, চিটাগাং সিএন্ডএফ কর্মচারী এজেন্ট এসোসিয়েশন, চট্টগ্রাম [বিষয়টি সকল সদস্য গণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো]
- ১৬। সহকারী প্রোগ্রামার (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম
- ১৭। রাজস্ব কর্মকর্তা, রপ্তানি-২, কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ১৮। রাজস্ব কর্মকর্তা, রপ্তানি-১, কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ১৯। রাজস্ব কর্মকর্তা (সকল অফডক), কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ২০। পিএচটি কমিশনার, (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য) কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ২১। অফিস কপি।

০/১



(মোঃ আল-আমিন)
ডেপুটি কমিশনার অব কাস্টমস